ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
******

স-৬৩৫

আগরতলা, ৩ জুলাই, ২০২৪

**‘ই-মুলাকাত’ ওয়েব পোর্টাল**

**আগরতলায় কর্মশালা**

কারা দপ্তরের উদ্যোগে আজ আগরতলায় ‘ই-মুলাকাত’ ওয়েব পোর্টালের বিভিন্ন কর্মসূচি নিয়ে এক কর্মশালার আয়োজন করা হয়। সরকারি অতিথিশালায় অনুষ্ঠিত এই কর্মশালার উদ্বোধন করেন কারামন্ত্রী সান্ত্বনা চাকমা। কারা আবাসিকদের সাথে তাদের পরিবারের সদস্যদের ভিডিও কনফারেন্সে সাক্ষাতের সুবিধা করে দেওয়ার লক্ষ্যে শুরু হয়েছে ‘ই-মুলাকাত’ ওয়েব পোর্টাল।

কর্মশালার উদ্বোধন করে কারামন্ত্রী সান্ত্বনা চাকমা বলেন, ‘ই-মুলাকাত’ ওয়েব পোর্টালটি পুরোদমে চালু হয়ে গেলে কারা আবাসিক ও তাদের পরিবারের সুবিধা হবে। এক্ষেত্রে সময় ও অর্থ বাঁচবে। তিনি আশা প্রকাশ করেন, যারা আজকে এই কর্মশালায় অংশগ্রহণ করেছেন তাদের সহযোগিতায় রাজ্য সরকারের এই উদ্যোগ সফল হবে। কর্মশালায় আলোচনাকালে আইজি প্রিজন সুভাশিস দাস জানান, রাজ্যের ১২টি কারাগারেই ‘ই-মুলাকাত’ ওয়েব পোর্টালের সুবিধা পাওয়া যাবে। কারাগারগুলির সুরক্ষার দিক দিয়েও এটি একটি ইতিবাচক উদ্যোগ। কর্মশালায় রাজ্যের বিভিন্ন কারাগারের আধিকারিকগণ সহ এনআইসি’র আধিকারিকগণ উপস্থিত ছিলেন।

*******